দৈনিক ইনকিলাব

তারিখ 0 2 JAN 1988 ... ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 1 ...

৩

# পিরোজপুর সরকারী মহিলা কলেজটি সমস্যা জর্জরিত

পিরোজপুর, ১ জানুয়ারী (সংবাদদাতা)।— পিরোজপুর সরকারী মহিলা কলেজটি নানা সমস্যা জর্জরিত। কলেজের প্রশাসনিক কাজকর্মসহ নানাবিধ সমস্যা রয়েছে।

প্রাথমিকভাবে কলেজের ক্রিয়াকর্ম শুরু হয় আজ থেকে প্রায় ৯ বছর পূর্বে অর্থাৎ ১৯৭৯ সালে। কলেজ ভবনটি বেশ পুরাতন। ক্লাস পরিচালনার অযোগ্য। অথচ কলেজটি আজ ৯ বছরে পদার্পণ করলেও অদ্য পর্যন্ত কলেজের নিজস্ব কোন ভবন বা জায়গা বরাদ্দ হয়নি।

বর্তমানে মহিলা কলেজে শিক্ষকদের সমস্যাই প্রকট হয়ে দেখা দিয়েছে। দীর্ঘদিন যাবৎ ইংরেজী, যুক্তিবিদ্যা ও ব্যবস্থাপনা বিষয়কসহ আরো গুরুত্বপূর্ণ পদগুলো শূন্য অবস্থায় রয়েছে। কলেজটিতে বর্তমানে বিভিন্ন বিষয়ের ২০ জন শিক্ষকের প্রয়োজন হলেও রয়েছে মাত্র ৭ জন শিক্ষক। এছাড়া অধ্যক্ষ ও সহকারী অধ্যক্ষের পদ দু'টি প্রতিষ্ঠালগ্ন থেকেই শূন্য। কর্মচারী ৪ জন থাকার কথা থাকলেও রয়েছে মাত্র ১ জন। কলেজে ছাত্রীদের কমন রুমসহ লাইব্রেরী, বাথরুম ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধার দিকেও কর্তৃপক্ষ সুনজর রাখছে না বলে জানা গেছে। ফলে এ অবস্থায় ছাত্রীরা ক্লাস করতে মারাত্মক অসহায় বোধ করছে।

এদিকে, দীর্ঘদিনেও শিক্ষকের স্বল্পতার কারণে বিএ ক্লাস চালু করতে কর্তৃপক্ষ সক্ষম হননি বলে জানা যায়।

এসব দুরবস্থার কথা ভেবে অভিভাবকরা তাদের মেয়েদেরকে উক্ত কলেজ থেকে নিয়ে অন্য সরকারী কলেজে ভর্তি করতে বাধ্য হচ্ছেন। মহিলা কলেজে বর্তমানে মানবিক ও বাণিজ্যিক গ্রুপে মাত্র ১৫১ জন ছাত্রী রয়েছে।

এই জরাজীর্ণ কলেজ ভবনের বিভিন্ন স্থানে বড় বড় ফাটলের সৃষ্টি হয়েছে। বর্ষার সময় বৃষ্টির পানি পড়ে।

অন্যদিকে মহিলা কলেজে স্থান সংকুলানের অভাবে যে গোলপাতা ও টিনের ঘরে ক্লাস চলত সেগুলোও সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হয়ে মাটিতে লুটিয়ে পড়েছে। এ অবস্থায় ছাত্রীদের কখনো মাটিতে কখনো বা দাঁড়িয়ে ক্লাস করতে হয়।